

নিরাপত্তা জোরদারে চট্টগ্রাম বন্দরে সন্ত্রাসবিরোধী মহড়া

- A Monitor Desk Report

Date: 22 January, 2026



চট্টগ্রামঃ আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী বন্দর নিরাপত্তা জোরদার করতে চট্টগ্রাম বন্দরে আইএসপিএস কোডের আওতায় একটি লাইভ অ্যান্টি-টেররিজম মহড়া অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২১ জানুয়ারি) চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা বিভাগের উদ্যোগে এই মহড়ার আয়োজন করা হয়।

মহড়ার উদ্বোধন করেন চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল এস. এম. মনিরুজ্জামান।

এ সময় উপস্থিত ছিলেন বন্দর কর্তৃপক্ষের সদস্য (হারবার ও মেরিন) কমডোর আহমেদ আমিন আবদুল্লাহ এবং পরিচালক (নিরাপত্তা) লেফটেন্যান্ট কর্নেল মো. জহিরুল ইসলাম।

আন্তর্জাতিক নৌ-নিরাপত্তা নিশ্চিত করতে আন্তর্জাতিক জাহাজ ও বন্দর স্থাপনা নিরাপত্তা বিধিমালা (আইএসপিএস) কোড অনুসরণ একটি বাধ্যতামূলক বিষয়। এই কোডের মাধ্যমে জাহাজ ও বন্দর স্থাপনাকে সন্ত্রাসী কর্মকাণ্ড, নাশকতা এবং অন্যান্য নিরাপত্তা ঝুঁকি থেকে সুরক্ষিত রাখার নির্দেশনা দেওয়া হয়েছে।

সাম্প্রতিক বৈশ্বিক নিরাপত্তা পরিস্থিতিতে সন্ত্রাস ও নাশকতার ধরন পরিবর্তিত হওয়ায় বাস্তবভিত্তিক প্রস্তুতি ও মহড়ার গুরুত্ব আরও বেড়েছে।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, কাগজে-কলমে প্রস্তুতির পাশাপাশি মাঠপর্যায়ে নিয়মিত ড্রিল ও মহড়া পরিচালনার মাধ্যমে বন্দর নিরাপত্তা ব্যবস্থার কার্যকারিতা যাচাই করা হচ্ছে। এরই অংশ হিসেবে অ্যান্টি-টেররিজম বিষয়টিকে গুরুত্ব দিয়ে এই মহড়ার আয়োজন করা হয়।

মহড়ায় বন্দর স্থাপনার নিরাপত্তা স্তর-১, ২ ও ৩ বাস্তবায়নের মাধ্যমে বিভিন্ন সম্ভাব্য হুমকি মোকাবেলার সক্ষমতা যাচাই করা হয়। এতে ভূয়া পরিচয়পত্র ব্যবহার করে অনুপ্রবেশের চেষ্টা প্রতিহত করা, যানবাহনভিত্তিক হুমকি মোকাবেলা, অগ্নিকাণ্ড পরিস্থিতি নিয়ন্ত্রণ, সন্দেহজনক বস্তু ও

বোমা হুমকিতে তাৎক্ষণিক প্রতিক্রিয়া, নদীপথে সন্দেহজনক নৌযান আটক এবং কনটেইনার ইয়ার্ডে আত্মগোপনকারী অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে যৌথ অভিযান পরিচালনার চিত্র তুলে ধরা হয়।

এই মহড়ায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পাশাপাশি বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, কোস্ট গার্ড, বিজিবি, পুলিশ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং বাংলাদেশ আনসার বাহিনীর সদস্যরা অংশ নেন। মহড়ার মাধ্যমে বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয়, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও কুইক রেসপন্স টিমের কার্যকারিতা বাস্তবে প্রদর্শিত হয়।

বন্দর কর্তৃপক্ষ জানায়, মহড়ার ফলাফল পর্যালোচনায় দেখা গেছে, আন্তর্জাতিক মানদণ্ড অনুযায়ী সন্ত্রাসবাদসহ যেকোনো ধরনের নিরাপত্তা হুমকি মোকাবিলায় চট্টগ্রাম বন্দর সক্ষম। ভবিষ্যতেও বন্দর নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করতে এ ধরনের মহড়া অব্যাহত থাকবে।

-B